

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৭৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - নাম রাখা

### আরবী

وَعَن أَنس قَالَ: كَنَّان .

قَالَ: كَنَّانِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ بِبَقْلَةٍ كُنْتُ أَجْتَنِيهَا. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ لَا نَعْرِفُهُ إِلَّا مِنْ هَذَا الْوَجْه. وَفِي «المصابيح» صَححهُ

#### বাংলা

8৭৭৩-[২৪] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি এক প্রকার শাক তুলতাম, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঐ শাকের নামানুসারে আমার উপনাম রাখলেন। (তিরমিযী)[1]

ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) বলেনঃ এ হাদীসটি এ বর্ণনা সূত্র ছাড়া অন্য কোন বর্ণনা সূত্রে বর্ণিত হয়নি। আর মাসাবীহ গ্রন্থকার এ হাদীসটিকে সহীহ বলে আখ্যায়িত করেছেন।

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ৩৮৩০, আহমাদ ১৩৭৩৭, মুসনাদুল বায়্যার ৬৪৭৩, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬৫৫, মুসনাদু আবৃ ইয়া'লা ৪০৫৭।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে "জাবির আল জু'ফী" নামের বর্ণনাকারী; এ বর্ণনাকারী মাতরক। এ হাদীসটির অন্য একটি সানাদ আছে যেটি এর চেয়ে ভালো। আর সেই সনদে একজন বর্ণনাকারী আছে যার নাম "শরীক ইবনু 'আবদুল্লাহ আল কাযী"। সে একজন য'ঈফ রাবী। দেখুন- আলবানী (রহিমাহুল্লাহ)-এর তাহকীককৃত হিদায়াতুর রুওয়াত ইলা তাখরীজি আহাদীসিল মাসাবীহি ওয়াল মিশকাত ৪/৩৬০ প্রঃ।

#### হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন